

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ বেশভূষার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৫। যেন সুগন্ধিত না হয়

মহানবী (ﷺ) বলেন, "সেন্ট্ বিলাবার উদ্দেশ্যে কোন মহিলা যদি তা ব্যবহার করে পুরুষদের সামনে যায়, তবে সে বেশ্যা মেয়ে।"[1]

সেন্ট্ ব্যবহার করে মহিলা মসজিদেও যেতে পারে না। একদা চাপ্তের সময় আবৃ হুরাইরা (রাঃ) মসজিদ থেকে বের হলেন। দেখলেন, একটি মহিলা মসজিদ প্রবেশে উদ্যত। তার দেহ বা লেবাস থেকে উৎকৃষ্ট সুগন্ধির সুবাস ছড়াচ্ছিল। আবৃ হুরাইরা (রাঃ) মহিলাটির উদ্দেশে বললেন, 'আলাইকিস্ সালাম।' মহিলাটি সালামের উত্তর দিল। তিনি তাকে প্রশ্ন করলেন, 'কোথায় যাবে তুমি?' সে বলল, 'মসজিদে।' বললেন, 'কি জন্য এমন সুন্দর সুগন্ধি মেখেছ তুমি?' বলল, 'মসজিদের জন্য।' বললেন, 'আল্লাহর কসম?' বলল, 'আল্লাহর কসম।' পুনরায় বললেন, 'আল্লাহর কসম?' বলল, 'আল্লাহর কসম।' তখন তিনি বললেন, 'তবে শোন, আমাকে আমার প্রিয়তম আবুল কাসেম (ﷺ) বলেছেন যে, "সেই মহিলার কোন নামায কবুল হয় না, যে তার স্বামী ছাড়া অন্য কারোর জন্য সুগন্ধি ব্যবহার করে; যতক্ষণ না সে নাপাকীর গোসল করার মত গোসল করে নেয়।" অতএব তুমি ফিরে যাও, গোসল করে সুগন্ধি ধুয়ে ফেল। তারপর ফিরে এসে নামায পড়ো।'[2]

ফুটনোট

- [1]. আবূ দাউদ, তিরমিযী, মিশকাত হা/ ১০৬৫
- [2]. আবূ দাউদ, নাসাঈ, ইবনে মাজাহ, বাইহাকী, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/১০৩১

Source — https://www.hadithbd.com/books/link/?id=7006

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন